# হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৭০০

৬/ স্বলাত (নামায)

পরিচ্ছেদঃ প্রথম কাতারের ফযীলত, প্রথম কাতারসমূহ পূরণ করা, কাতার সোজা করা এবং ঘন হয়ে কাতার বাঁধার গুরুত্ব

## আরবী

عَن جَابِرِ بنِ سَمُرَةَ رَضِيَ اللهُ عَنهُمَا قَالَ : خَرَجَ عَلَيْنَا رَسُولُ اللهِ ﷺ فَقَالَ أَلاَ تَصُفُّونَ كَمَا تَصُفُّ المَلاَئِكَةُ عِندَ رَبِّهَا ؟ فَقُلْنَا : يَا رَسُولَ اللهِ وَكَيفَ تَصُفُّ المَلاَئِكَةُ عِندَ رَبِّهَا ؟ قَالَ يُتِمُّونَ الصُّفُوفَ الأُوَلَ وَيَتَرَاصُّونَ فِي الصَّفِّ رواه مُسلِم

## বাংলা

(৭০০) জাবের ইবনে সামুরাহ (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের নিকট এসে বললেন, ফিরিশতামণ্ডলী যেরূপ তাদের প্রভুর নিকট সারিবদ্ধ হন, তোমরা কি সেরূপ সারিবদ্ধ হবে না। আমরা নিবেদন করলাম, হে আল্লাহর রসূল! ফিরিশতামণ্ডলী তাদের প্রভুর নিকট কিরূপ সারিবদ্ধ হন? তিনি বললেন, প্রথম সারিগুলো পূর্ণ করেন এবং সারিতে ঘন হয়ে দাঁড়ান।

## ফুটনোট

(মুসলিম ৯৯৬, আবূ দাঊদ ৬৬১, মিশকাত ১০৯১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ জাবির ইবনু সামুরাহ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=64399

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন